This Question Paper consists of **29** questions [Section-A (20) + Section-B (5) + Section-C (4)] and **8** printed pages.
এই প্রশ্নপত্রটিতে **2930** টি প্রশ্ন [বিভাগ-ক (20) + বিভাগ-খ (5) অথবা বিভাগ-গ (4)] এবং **8** টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

**Roll No.** রোল নং | | | | | | | | | | | | |

**Code No. 65/SS/A/B**
কোড নং

**SET/সেট A**

# BENGALI
# বাংলা
# (303)

**Day and Date of Examination** ______________________
(পরীক্ষার দিন এবং তারিখ)

**Signature of Invigilators** 1. ______________________
(তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর)
2. ______________________

**সাধারণ নির্দেশাবলী :**

**1** পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

**2** দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

**3** উত্তর-পুস্তিকার উপরে কোনোরকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গন্য হবে।

**4** আপনার প্রশ্নপত্রের কোড নং **65/SS/A/B** এবং **Set-A** টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।

# BENGALI

# বাংলা

# (303)

সময় ঃ **3** ঘন্টা ] [ পুর্ণমান ঃ **100**

---

**দ্রষ্টব্য ঃ**

(i) এই প্রশ্নপত্রে 'ক', 'খ' এবং 'গ' তিনটি বিভাগ আছে।

(ii) বিভাগ 'ক'-এর সব প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।

(iii) বিভাগ 'খ' এবং বিভাগ 'গ'-এর যেকোনো একটি বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।

(iv) বিভাগ 'ক'-এর মান 85 এবং বিভাগ 'খ' অথবা বিভাগ 'গ'-এর মান 15।

---

## বিভাগ - ক

**(আবশ্যিক বিষয়)**

**1** (ক) নীচের কাব্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : **4**

"রাধার কী হৈল অন্তরে ব্যথা।
বসিয়া বিরলে থাকয়ে একলে
না শুনে কাহারো কথা।।"

**অথবা**

"তাইতো তো তোমায় শুধাই অশ্রুজলে—
যাহারা তোমার বিষাইছে বায়ু, নিভাইছে তব আলো
তুমি কি তাদের ক্ষমা করিয়াছ, তুমি কি বেসেছ ভালো?"

(খ) নীচের অংশটির কাব্য-সৌন্দর্য স্পষ্ট করুন : **2**

"এই পৃথিবীতে এক স্থান আছে—সবচেয়ে সুন্দর করুণ
সেখানে সবুজ ডাঙা ভরে আছে মধুকূপী ঘাসে অবিরল;
সেখানে গাছের নাম : কাঁঠাল, অশ্বত্থ, বট, জারুল, হিজল;

**2** নীচের প্রশ্নগুলির মধ্যে যে কোনো দুটি প্রশ্নের উত্তর লিখুন ঃ **2×2=4**

(ক) কেন মনে হচ্ছে যে রাধা ধ্যান করছেন? **2**

(খ) "সখীগণে বলে বালা কীবা মতি তোর।
আপনার রূপ দেখি হইলা বিভোর।।
—নিজের কে রূপ দেখেছিল? সখীগণ কী বলেছিল? **2**

(গ) "তারা বলে গেল 'ক্ষমা করো সবে',"— ক্ষমা করার কথা কেন বলা হয়েছে? **2**

(ঘ) "চন্দ্রচূড়-জটাজালে আছিলা যেমতি জাহ্নবী",
—উদ্ধৃত উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করুন? **2**

3 “ঠিক ছিল আজ বিকেল বেলায় ফিরে বউকে নিয়ে টিভি কিনতে যাবে।” **2**
—‘টিভি’ কেনার মধ্য দিয়ে উভয়ের জীবন-যাপনের যে ছবি ফুটে ওঠে তা নিজের ভাষায় ব্যক্ত করুন?

4 ‘অনুবাদ সাহিত্য’ কাকে বলে? উদাহরণ দিন। **2**

5 “চাটুপাটু বক্তা নহি বড় এজলাসে।
উদ্ধার করিনি দেশ, টানিয়া চরসে।”
—কি ধরনের ছন্দ বলুন এবং মাত্রা নিরুপণ করুন? **2**

6 কবিতাংশটি পড়ে প্রশ্নের উত্তর লিখুন : **1×4=4**

“বেলেঘাটায় মুসলমান বসতির পাশে এক বাড়ির উঠোনে
খাটিয়া পেতে শুয়ে আছেন গান্ধীজি
তাঁর চোখের নীচে শুকনো অশ্রুর রেখা
দূরে ব্যান্ড বাজছে, পতপত করে উড়ছে অসংখ্য তেরঙ্গা ঝাণ্ডা
রঙিন কাগজের শিকলি ঝুলছে অনেক বারান্দায়”

(ক) গান্ধীজি মুসলমান বস্‌তিকে বেছে নিয়েছিলেন কেন? **1**

(খ) ‘শুকনো অশ্রু রেখা’ বলতে কবি কী বোঝাতে চান বলে আপনার মনে হয়? **1**

(গ) ‘ব্যান্ড’ বাজার মধ্যে দিয়ে কিসের ইঙ্গিত প্রকাশ পাচ্ছে? **1**

(ঘ) ‘অনেক বারান্দায়’, সব বারান্দায় নয় কেন? **1**

7 নীচের গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : **6**

“তৎকালে এই নূতন প্রণালী অবলম্বন করাও একপ্রকার সাহসের কর্ম বলিয়া পরিগণিত হইয়াছিল।”

**অথবা**

“না জানি, এই মার্জারী যদি স্বজাতিমণ্ডলে কমলাকান্তকে কাপুরুষ বলিয়া উপহাস করে? অতএব পুরুষের ন্যায় আচরণ করাই বিধেয়। ইহা স্থির করিয়া, সকাতর চিত্তে, হস্ত হইতে হুঁকা নামাইয়া, অনেক অনুসন্ধানে এক ভগ্ন যষ্ঠি আবিষ্কৃত করিয়া সগর্বে মার্জারীর প্রতি ধাবমান হইলাম।”

8 নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন :

(ক) ধর্মসভার অধ্যক্ষেরা তাঁকে কারাগারে কেন নিক্ষেপ করেছিলেন? 1

(খ) সমাজে ধনীর ধন বৃদ্ধির কারণ কী? 2

(গ) "সকালবেলা ঘুম ভেঙে উঠে দেখি..." 2

(ঘ) "কিন্তু বুড়ির কি সে কাণ্ডজ্ঞান আছে।" —বুড়ি কে? কাণ্ডজ্ঞান নেই কেন? 2

9 নীচের যেকোনো একটি প্রশ্নের উত্তর লিখুন : 2

(ক) "ন যযৌ ন তস্থৌ" — কে নড়তে পারছে না বলে আপনার মনে হয়? নড়তে না পারার কারণ কী বলে আপনি মনে করেন?

(খ) "সংসারে অবুঝকে বুঝাইতে যাওয়ার তুল্য বিরক্তিকর আর কিছু নাই," — এই কথাটি কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে এবং বলার কারণ কী হতে পারে?

10 নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন : 1×4=4

"শুধু এই দুঃখের মুহূর্তে গভীরভাবে সংকল্প করে তপন, যদি কখনো লেখা ছাপতে দেয় তো, তপন নিজে গিয়ে দেবে। নিজের কাঁচা লেখা। ছাপা হয় হোক, না হয় না হোক। তপনকে যেন আর কখনো শুনতে না হয়, 'অমুক তপনের লেখা ছাপিয়ে দিয়েছে।' আর তপনকে যেন নিজের গল্প পড়তে বসে অন্যের লেখা লাইন পড়তে না হয়। তার চেয়ে দুঃখের কিছু নেই, তার থেকে অপমানের!"

(ক) তপনের সংকল্প করার কারণ কী? 1

(খ) কাঁচা হাতের লেখা বলতে কী বোঝাতে চান লেখক? 1

(গ) তপন তার লেখা, নিজে গিয়ে দিতে চায় কেন? 1

(ঘ) কোন বিষয় দুঃখের বলে মনে হয়? 1

11 "ইনি হচ্ছেন রাজবিদ্রোহী!" — ইনি কে? ওনাকে রাজবিদ্রোহী বলা হচ্ছে কেন? 1+3

**অথবা**

"ক্ষতি হল কিন্তু দেশের।" — দেশের কী ক্ষতি হয়েছিল এবং কেন হয়েছিল? 1+3

12 নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন : 1×4=4

(ক) ‘একদিনের ঘটনা’য় যে লোকটির কথা বলা হয়েছে তার বাড়ি কোথায়? 1

(খ) লোকটির অবস্থা কেমন হয়েছিল? 1

(গ) লোকটি কীভাবে সুস্থ হল? 1

(ঘ) ‘ভাবিবার’ সময় নেই কেন? 1

13 নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : 2×5=10

(ক) নীচের বাংলা শব্দভাণ্ডারের চারটি শ্রেণীর উল্লেখ করা হল। কোন্ শব্দ কোন্ শ্রেণীর বেছে নিয়ে শূন্যস্থান পূরণ করুন : ½×4=2

(শব্দাবলী : নেউল, কব্‌রেজ, খোকা, শয্যা)

(i) তৎসম _________।

(ii) তদ্ভব _________।

(iii) অর্ধতৎসম _________।

(iv) দেশি _________।

(খ) প্রত্যয় ভেঙে দেখান (যেকোনো দুটি) : 1×2=2

(i) পার্থিব

(ii) শ্রোতব্য

(iii) ঘটিত

(iv) ডুবু

(গ) নীচের ব্যাসবাক্যকে সমাসবদ্ধ করুন (যেকোনো দুটি) : 1×2=2

(i) পঞ্চ আনন যার

(ii) চন্দ্র চূড়াতে যার

(iii) শত অব্দের সমাহার

(iv) পণ্ডিতদের মহল

(ঘ) অর্থগত দিক দিয়ে নীচের বাক্যগুলি কী জাতীয় লিখুন (যেকোনো দুটি) : 1×2=2

(নির্দেশক, প্রশ্নবোধক ইত্যাদি)

(i) সে মন দিয়ে পড়াশোনা করেন।

(ii) তোমাকে অনেকদিন পর দেখলাম।

(iii) তুমি কি ঘুমিয়ে পড়েছ?

(iv) ধনে-পুত্রে লক্ষ্মীবন্ত হও।

(ঙ) নীচের বাক্যটিকে চলিত ভাষায় পরিবর্তিত করুন : 2

মানিকলাল, তৎক্ষণাৎ তাহা তুলিয়া লইয়া দক্ষিণ হস্তে ধারণ করিয়া রাজপুতের দিকে ফিরিয়া দাঁড়াইল।

**14** নীচের যে কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করুন : **4**

(ক) আপনাদের এলাকায় বৃক্ষরোপণ উৎসব অনুষ্ঠিত হয়েছে, সংবাদপত্রে প্রকাশের জন্য এ বিষয়ে একটি প্রতিবেদন লিখুন।

(খ) সরকারি দপ্তরে কর্মসংস্কৃতি ফিরিয়ে আনতে সরকারি উদ্যোগ সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করুন।

**15** আপনার এলাকায় একটি জঙ্গল আছে। ঐ জঙ্গলে হরিণ, ময়ূর ও অন্যান্য প্রাণীকূল অনায়াসে বিচরণ করে। তা থেকে আপনার কী প্রতিক্রিয়া ৪০ (40)টি শব্দে লিখুন। **2**

**অথবা**

আপনি সারাদিন কাজের জায়গায় ছিলেন। প্রচুর পরিশ্রম হয়েছে। বিশ্রাম নিচ্ছেন বাড়িতে এসে, ঠিক ঐ সময়ে আপনার বন্ধু এসে ডাকলেন ক্লাবে যাওয়ার জন্য, তাতে আপনার প্রতিক্রিয়া কী হবে? অনধিক ৪০ (40)টি শব্দে লিখুন।

**16** নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন : **1×3=3**

গ্রামের বাঁধ ভেঙে গেল। হুহু করে জল ঢুকছে গ্রামে। বৃষ্টির শব্দ, জলস্রোতের শব্দ আর মানুষের আর্তনাদ—সব মিলেমিশে এক ভয়ংকর পরিস্থিতি।

(ক) গ্রামের বাঁধ কখন ভাঙে? **1**

(খ) গ্রামের মানুষের জীবন-প্রণালী বর্ণনা করুন। **1**

(গ) বৃষ্টির শব্দ এবং জলস্রোতের শব্দের সঙ্গে মানুষের আর্তনাদ মিলেমিশে একাকার হয়ে গেছে বলতে কী বোঝানো হয়েছে? **1**

**17** নীচের যেকোনো একটি প্রশ্নের উত্তর লিখুন : **4**

(ক) ধরা যাক একটি স্কুলে মোট 1000 জন ছাত্র পড়াশোনা করে। তার মধ্যে বিজ্ঞান বিভাগে পড়ছে 300 জন, বাণিজ্য বিভাগ নিয়ে পড়ছে 50 জন, কলা বিভাগ নিয়ে পড়ছে 650 জন। আপনি একটি পাই চার্ট (Pie Chart)-এর সাহায্যে বিষয়টি পরিস্ফুটন করুন।

(খ) আপনি প্রত্যহ বাজার থেকে আপেল, আঙুর, কমলালেবু কিনে খান। কখনো কখনো এই ফলগুলির জুসও (JUICE) কিনতে পাওয়া যায়। এখন আঙুর কিনে তার খোসা, বীজ ছাড়িয়ে তার জুস তৈরির ব্যাখ্যা করতে গেলে অনেক সময় এবং প্রচুর ব্যাখ্যার প্রয়োজন। কিন্তু সেই কাজই সহজে করা যায় একটা প্রবাহ চিত্রের সাহায্যে। আপনি একটি প্রবাহ চিত্রের সাহায্যে দেখান।

**18** নীচের যে কোনো একটি বিষয়ে নিবন্ধ রচনা করুন : **8**

(ক) বাঙালী মননে রূপকথা

(খ) বাংলা ছোটোগল্প

(গ) কুসংস্কার ও বিজ্ঞানচেতনা

(ঘ) ছাত্রজীবনে সৌজন্য ও শিষ্টাচার

**19** চিঠি লেখার রীতি মেনে যে কোনো বিষয় অবলম্বনে একটি চিঠি লিখুন : **4**

বাবার কাছে ছেলের পত্র : দুঃস্থ আত্মীয়কে সাহায্যের কথা জানিয়ে।

**অথবা**

টিকিট পরীক্ষকের দূর্ব্যবহার বিষয়ে অভিযোগ জানিয়ে রেল কর্তৃপক্ষের কাছে একটি চিঠি লিখুন।

**20** নীচের কবিতাংশ বা গদ্যাংশের সংক্ষিপ্তসার লিখুন : **3**

নদী কভু পান নাহি করে নিজ জল,
তরুগণ নাহি খায় নিজ নিজ ফল।
গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান,
কাষ্ঠ দগ্ধ হয়ে করে পরে অন্ন দান।
বংশী করে নিজ সুরে অপরে মোহিত,
স্বর্ণ করে নিজ রূপে অপরে শোভিত।
শস্য জন্মাইয়া নাহি খায় জলধরে,
সাধুর ঐশ্বর্য শুধু পরহিত তার।

**অথবা**

আমাদের জাতীয় সাহিত্য আমাদের মাতৃভাষা বাংলাতে হইবে। কোনো জাতি কখনো কেবল বিদেশি ভাষার চর্চায় বড়ো হইতে পারে নাই। ইউরোপ যখন ল্যাটিন ছাড়িয়া দেশী ভাষা ধরিয়াছিল তখন হইতেই ইউরোপের অন্ধকার যুগের অবসান হইয়া আধুনিক উন্নত যুগের আরম্ভ হইয়াছে। যেদিন ইংল্যান্ড, জার্মান, ফ্রেঞ্চ ত্যাগ করিয়া একসময়ের ঘৃণিত স্যাক্সন ভাষাকে বরণ করিয়া লইল সেদিন ইংল্যান্ডের জাতীয় জীবনের তথা উন্নতির সূত্রপাত হইল। যখন হইতে জার্মানী, ফরাসী ভাষার মোহপাশ কাটাইয়া তাহার মাতৃভাষাকে পূজার স্থান দিল তখন হইতে জার্মানীর জাতীয় জীবনের উন্নতি হইল। সাহিত্যের দু'একটি শাখা বিদেশি মাটিতে টিকিতে পারে, কিন্তু সমগ্র সাহিত্য বিদেশি আবহাওয়ায় বাঁচিতে পারে না। সাহিত্য সাধনা যদি সম্পূর্ণরূপে সার্থক করিতে চাও তবে তোমাকে মাতৃভাষার মধ্য দিয়া সাহিত্য রচিতে হইবে।

## বিভাগ - খ

### (ঐচ্ছিক বিষয়)

### (পর্যটন)

21 সিং ভ্রাতারা কী করেছিলেন? 1

22 Cox and King কত সালে স্থাপিত হয়? 1

23 দুঃসাহসিক পর্যটক হিসেবে কাকে আমরা পাই? 1

24 পর্যটনে ঐতিহাসিক গুরুত্ব কতখানি তা বিশ্লেষণ করুন। 3

25 পর্যটকের সঙ্গে পর্যটনস্থলের রাষ্ট্রীয় সম্পর্কের ভিত্তিতে পর্যটন কতপ্রকার ও কী কী? প্রচলিত ধারণায় ভারতের ঐতিহ্য-পর্যটন শিল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ—কেন মনে হয়েছে আপনি ব্যক্ত করুন। 2+7=9

## বিভাগ - গ

### (ঐচ্ছিক বিষয়)

### (গণজ্ঞাপন)

21 গণজ্ঞাপনের মাধ্যম কাকে বলে? সমাজে গণমাধ্যমের ভূমিকা আলোচনা করুন। 3

22 'অন্ধ্রপ্রদেশে' চিরাচরিত গণমাধ্যম কী নামে পরিচিত? চিরাচরিত গণমাধ্যম কীভাবে সমাজের উন্নতিসাধনে চেষ্টা করে? 3

23 বেতারের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করুন। 3

24 সংবাদপত্রের গ্রহণযোগ্যতা কয়টি শর্তের উপর নির্ভর করে এবং কী কী? প্রত্যেকটি শর্ত বিশ্লেষণ করুন 6

---